পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

পানি সম্পদ মন্ত্রণালয়

ওয়ারপো ভবন

# ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ ইকরাম উল্লাহ<br>পরিচালক (পরিকল্পনা) (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | ১৯/০৯/২০২২ |
| সভার সময় | দুপুর ১২.০০ ঘটিকা |
| স্থান | পরিচালক (পরিকল্পনা) এর অফিস কক্ষ |
| উপস্থিতি | কর্মকর্তাদের নামের তালিকা সংযুক্তিতে দেখানো হলো |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অর্ন্তভূক্ত প্রতিটি কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ ছাড়া ইনোভেশন টিম পুনঃ গঠন বিষয়ে আলোচনা হয়। আলোচনান্তে নিম্নে উল্লেখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**সিদ্ধান্তসমূহঃ**

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | [১.১.১] সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে যেসব উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করা হবে তার জন্য ওয়ারপোর সকল কর্মকর্তাকে নাগরিক সনদের আলোকে উদ্ভাবনী উদ্যোগ/ ধারনা প্রদান করার জন্য বিগত ০৩ সেপ্টেম্বর ২০২২ তারিখ বিজ্ঞপ্ত প্রদান করা হয়; প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগ/ ধারনা এর আলোকে তালিকা তৈরি করে নিদিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | ইনোভেশন টিম |
| ২ | [১.২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকৃত | এ বিষয়ে ওয়াপোতে কি কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে ছক আকারে তার তালিকা তৈরি করে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সদস্য সচিব ইনোভেশন টিম |
| ৩ | [১.২.২] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালুকৃত | যে সকল ডিজিটালাইজকৃত সেবা তৈরি করা হয়েছে সেগুলো চলমান রাখার জন্য যথাযথ উদ্যোগ গ্রহন করতে হবে। সভায় এ বিষয়ে প্রয়োজনে প্রত্র প্রেরণ ও অবহিতকরণ সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। সেবাসমূহের তালিকা এবং চালু থাকার প্রমাণক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ইনোভেশন টিম ও মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিবীক্ষন ও মূল্যায়ন) |
| ৪ | [১.৩.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত | বিগত ২৯ আগষ্ট ২০২২ তারিখ জারিকৃত অফিস আদেশের পত্রে ই-নথির ব্যবহার বৃদ্ধির উল্লেধ রয়েছে এবং সংস্থা সমূহ হতে সকল চিঠি পত্র ই-নথির মাধমে মনন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে মর্মে পানি সম্পদ মন্ত্রণালয়ের বিগত ৩০/০৮/২০২২ তারিখের ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত রয়েছে। এ বিষয়ে সচিব ও সকল মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল) ও সচিব ওয়ারপো |
| ৫ | [১.৪.১] ৪র্থ শিল্প বিল্পবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম-পরিকল্পনা প্রণীত | ৪র্থ শিল্প বিল্পবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলার বিষয়ে আগামী ২০/১০/২০২২ তারিখের মধ্যে একটি কর্মপরিকল্পনা প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং কর্ম পরিকল্পনা নিয়ে একটি কর্মশালা আয়োজন করা যেতে পারে। স্বারক নম্বর: ৪২.০২.০০০০.০০৯.৩৫.০০১.২২.৭ তারিখ ১৯ জানুয়ারী ২০২২ এ অফিস আদেশের মাধ্যমে গঠিত ব্লকচেইন প্রযুক্তি প্রয়োগের কর্মকৌশল নির্ধারণ সংক্রান্ত কমিটি কর্ম-পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করবে। | ব্লকচেইন প্রযুক্তি প্রয়োগের কর্মকৌশল নির্ধারণ সংক্রান্ত কমিটি |

| | | | |
|---|---|---|---|
| ৬ | [১.৪.২] ৪র্থ শিল্প বিল্পবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজিত | কর্মশালা আয়োজনের পরিকল্পনা তৈরি করে মহাপরিচালক ওয়াপোর অনুমোদন গ্রহণ করে তা বাস্তবায়ন করতে হবে। | ইনোভেশন টিম |
| ৭ | [২.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত (ত্রৈমাসিক ভিত্তিতে) | তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রন্ত তথ্য সংরক্ষণ ও নির্ধারিত ফরমেট অনুযায়ী ত্রৈমাসিক প্রতিবেদন পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রোগ্রামার) |
| ৮ | [২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত | এ সংক্রান্ত প্রশিক্ষণের জন্য পূণাঙ্গ প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করে সে মোতাবেক প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | এপিএ ফোকাল পয়েন্ট ও সদস্য সচিব ইনোভেশন টিম |
| ৯ | [২.২.২] ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত | ইনোভেশন খাতে প্রাপ্ত বরাদ্দের ভিত্তিতে একটি সম্পূর্ণ অর্থ ব্যয় করার কর্মপরিকল্পনা আগামী ২৯/৯/২২ তরিখের মধ্যে প্রস্তুত করতে হবে। এক্ষেত্রে সকল কর্মসূচী অবশ্যই এ অর্থবছরের (২০২২-২০২৩) মে মাসের মধ্যে সুসম্পন্ন করতে হবে।ব্যয় এর বিস্তারিত বিবরণী অর্থ-বছর শেষে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ইনোভেশন টিম ও হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ১০ | [২.২.৩] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যয়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত | কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে পানি সম্পদ মন্ত্রণালয় ও প্রয়োজনে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য সচিব ইনোভেশন টিম |
| ১১ | [২.২.৪] আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত | আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন অবশ্যই নির্দিষ্ট সময়ের পূর্বে ইনোভেশন কমিটির সভায় উপস্থাপন ও আলোচনা করতে হবে। আলোচনাক্রমে তথ্য নির্ধারিত সময়ে মধ্যে পানি সম্পদ মন্ত্রণালয় ও প্রয়োজনে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য সচিব ইনোভেশন টিম |
| ১২ | [২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবন উদ্যোগ পরিদর্শনকৃত | অন্য যে কোন দপ্তরের দুইটি সফল উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের সিদ্ধান্ত গ্রহীত হয়। একটি আগামী ডিসেম্বর/২২ ও অপরটি ফেব্রুয়ারী/২৩ এর মধ্যে আয়োজন করতে হবে। | ইনোভেশন টিম |
| ১৩ | ইনোভেশন টিম পুনঃ গঠন | মন্ত্রণালয় ও অন্য সংস্থার ন্যায় কর্মপরিধির আলোকে নতুন কর্মকর্তাদের সম্পৃক্ত করণের মাধ্যমে ইনোভেশন টিম পুনঃ গঠন করতে হবে। | সচিব ,ওয়ারপো |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ ইকরাম উল্লাহ
পরিচালক (পরিকল্পনা) (চলতি দায়িত্ব)

স্মারক নম্বর: ৪২.০২.০০০০.০০৯.৩৫.০০২.১৪.৫৯

তারিখ: ৬ আশ্বিন ১৪২৯
২১ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

২) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), ওয়ারপো

৩) সচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

৪) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য) , পরিবেশ, বন ও মৎস্য শাখা , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

৫) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিবেশ), পরিবেশ, বন ও মৎস্য শাখা , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

৬) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রোগ্রামার) , কম্পিউটার ও তথ্য শাখা , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

৭) হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রশাসন শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

৮) বৈজ্ঞানিক কর্মকর্তা (কম্পিউটার অপারেটর) , কম্পিউটার ও তথ্য শাখা , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

৯) বৈজ্ঞানিক কর্মকর্তা (সহকারী প্রোগ্রামার), কম্পিউটার ও তথ্য শাখা , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

Krishna

কৃষ্ণ চন্দ্র ভদ্র
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রোগ্রামার)